ভোরের কাগজ

MAR. 1 7 2002

তারিখ ...............

পৃঃ 2 কলাম ...৬......

# প্রেমিক হিসেবে বয়স্ক পুরুষরাই ভালো!

প্রেমিক হিসেবে তুলনামূলকভাবে কম বয়সীদের চেয়ে বয়স্করাই ভালো এবং তারা অনেক কম পুরুষত্বহীনতাজনিত সমস্যায় ভোগেন। পণ্য বিক্রির কৌশল হিসেবে ওষুধ কোম্পানিগুলো বয়স্ক পুরুষদের যৌন সমস্যা সম্পর্কে অপপ্রচার করে থাকে। একজন ব্রিটিশ মনোবিজ্ঞানী একথা বলেন। রয়টার।

ব্রিটিশ সাইকোলজিক্যাল সোসাইটির সম্মেলনে উত্তর ইংল্যান্ডের শেফিল্ড বিশ্ববিদ্যালয়ের শিক্ষক মনোবিজ্ঞানী ড. লরেন বোল বলেন, বয়স বাড়ার সঙ্গে সঙ্গে পুরুষরা যৌনতার দিক থেকে দক্ষ হয়ে ওঠে। ব্রিটিশ পত্রপত্রিকায় শনিবার এ খবর প্রকাশিত হয়।

লরেনের উদ্ধৃতি দিয়ে ডেইলি মেইল পত্রিকা জানায়, বয়স্ক পুরুষদের মিলনের সময় দীর্ঘায়িত হয় এবং তারা মহিলাদের বেশি তৃপ্ত করতে পারে। বয়স বাড়ার সঙ্গে সঙ্গে যৌন তৎপরতা হ্রাস পেলেও তার গুণগত মান বেড়ে যায়।

৩০ থেকে ৬০ বছর বয়সী মোট ১৮৫ জন পেশাজীবী বিবাহিত পুরুষের ওপর জরিপ চালিয়ে তিনি এই সিদ্ধান্তে পৌঁছেন।

রজো নিবৃত্ত হওয়া মহিলাদের অস্ট্রোজেন গ্রহণের মতো বয়স্ক পুরুষদের হরমোনের অভাব পূরণের জন্য টেস্টোস্টেরন গ্রহণের প্রয়োজনীয়তাকে তিনি নাকচ করে দেন।

তিনি বলেন, পুরুষদের যৌন অক্ষমতার চিকিৎসার নামে মাল্টিমিলিয়ন ডলার কামানোর ধান্দায় ওষুধ কোম্পানিগুলো এসব কল্পকাহিনী প্রচার করে থাকে।

তাকে উদ্ধৃত করে টাইমস পত্রিকা জানায়, আসলে ৪০ বছরেই জীবন শুরু হওয়া উচিত।